



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/29/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্কের ভিয়েতনাম যুদ্ধের প্রবীণ যোদ্ধাদের এবং তাদের পরিবারদের, তাদের সেবা ও আত্মত্যাগের জন্য সম্মান জানিয়ে ঘোষণা জারি করেছেন

15টি ল্যান্ডমার্ককে সবুজ, হলুদ এবং লাল আলোয় আলোকিত করা হবে

ঘোষণাপত্রটি পড়ুন [এখানে](#)

আমাদের স্টেট এবং দেশের ভিয়েতনাম ভেটেরানদের বীরত্ব ও আত্মত্যাগকে সম্মান জানাতে এবং শেষ আমেরিকান যুদ্ধ দলের রিপাবলিক অফ ভিয়েতনাম ত্যাগ করার তারিখের 51 বছর পূর্তি উপলক্ষে 29 মার্চ, 2024 কে নিউ ইয়র্ক ইয়র্ক স্টেটে ভিয়েতনাম ভেটেরান দিবস ঘোষণা করে গভর্নর ক্যাথি হোকল আজকে একটি [ঘোষণাপত্র](#) জারি করেছেন। পুরো স্টেটের ল্যান্ডমার্কসমূহকে ভিয়েতনাম সার্ভিস মেডেলের প্রাণবন্ত রঙে আলোকিত করা হবে, যা এই ঐতিহাসিক সময়কালের সময় যারা দায়িত্ব পালন করেছে তাদের বীরত্বের প্রতীকস্বরূপ। সবুজ, হলুদ, এবং লাল রং সেই সাহসী সেনা সদস্যদের প্রতিনিধিত্ব করে যারা ভিয়েতনাম, ক্যাঞ্চোডিয়া, লাওস, থাইল্যান্ড, বা এর আশেপাশের জলপথ বা আকাশপথে যুদ্ধের দায়িত্ব পালন করেছে।

"ভিয়েতনাম ভেটেরানগণ সাহস এবং নিঃস্বার্থ হওয়ার প্রতীক, এবং আমাদের দেশের প্রতি তাদের অবদানকে স্বীকৃতি ও সম্মান প্রদান আমাদের জন্য অত্যাবশ্যকীয়," **গভর্নর হোকল বলেন।** "আমরা তাদের সম্মানে আমাদের ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করার মাধ্যমে তাদের অবদানের প্রতি আমাদের গভীরতম কৃতজ্ঞতা ও সম্মান প্রকাশ করছি।"

নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স সার্ভিসেস বিভাগের (New York State Department of Veterans' Services, DVS) কমিশনার ভিভিয়ানা ডেকোহেন বলেন, "তাদের পাওনা স্বীকৃতি ও প্রশংসা আমাদের ভিয়েতনামের ভেটেরানগণের বহু দিনের প্রাপ্য। এই স্বীকৃতির মাধ্যমে আমরা নিশ্চিত করতে চেষ্টা করছি যাতে তাদের আত্মত্যাগ কখনো ভুলে না যাওয়া হয় এবং তাদের দায়িত্বের লিগেসি যাতে ভবিষ্যৎ প্রজন্মসমূহকে অনুপ্রাণিত করা অব্যাহত রাখে।"

নিউ ইয়র্ক স্টেটে আনুমানিক 198,173 জন ভিয়েতনাম ভেটেরান বাস করে, তাই তাদের দীর্ঘমেয়াদি প্রভাব অগ্রাহ্য করা যাবে না। যুদ্ধের সময় চরম আত্মত্যাগ করা 4,119 জন নিউ ইয়র্কবাসীর নাম ওয়াশিংটন ডিসির ভিয়েতনাম মেমোরিয়াল ওয়ালে অন্য কয়েক হাজার নামের সাথে খোদাই করা আছে। অ্যালবানির এম্পায়ার স্টেট প্লাজাতে অবস্থিত নিউ ইয়র্ক স্টেট ভিয়েতনাম মেমোরিয়াল তাদের বীরত্ব ও আত্মত্যাগের একটি মর্মস্পর্শী স্মরণিকা হয়ে আছে।

আজকে রাতে নিচের স্টেট ল্যান্ডমার্কসমূহকে সবুজ, হলুদ, এবং লাল আলোয় আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- Lake Placid Olympic Center
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)
- হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে (Hudson State Historic Park)

ভেটেরান্স সার্ভিসেস বিভাগ সম্পর্কে

1945 সাল থেকে ভেটেরান, সেনা সদস্য, এবং সামরিক পরিবারের জন্য স্টেটের অ্যাডভোকেসি এজেন্সি হিসেবে কাজ করা নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান্স সার্ভিসেস বিভাগটি সকল ভেটেরান, সেনা সদস্য, এবং সামরিক পরিবারকে ব্যাপক ব্যাপ্তির অনুশীলন ক্ষেত্রে সেবাদান করার একটি এজেন্সিব্যাপী প্রতিশ্রুতি বজায় রাখে। সেবার মধ্যে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের ভেটেরান্স অ্যাফেয়ার্স বিভাগ (United States Department of Veterans Affairs) থেকে বেনিফিট পাওয়ার দাবি ও আপিল, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের (United States Department of Defense, DoD) কাছে ডিসচার্জ আপগ্রেড করার আপিল, এবং নিউ ইয়র্ক স্টেট বেনিফিটের জন্য দাবি করা। ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারসমূহকে 888-838-7697 নম্বরে বা veterans.ny.gov এ বিভাগের সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে যাতে তারা তাদের চাহিদা পূরণ এবং তাদের উপার্জিত বেনিফিটের সম্পূর্ণ সুবিধা পাওয়ার ব্যাপারে একজন স্বীকৃত ভেটেরান বেনিফিট উপদেষ্টার সাথে সশরীরে বা ভার্চুয়ালি দেখা করতে পারে। [ফেসবুক](#), [ইনস্টাগ্রাম](#) এবং [X \(পূর্বে টুইটার ছিলো\)](#) এ DVS কে ফলো করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)